

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মুজিবনগর, মেহেরপুর।

স্মারক নং-০৫.৪৪.৫৭৬০.০০০.০৩.০৬৪.১৯- ২২২০

তারিখ : ৩০/১০/২০২২ খ্রি।


নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(খ) ৫ এর ১.২ উপ-বিধি অনুযায়ী ০৩ নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের শূন্য পদে কর্মরত মহল্লাদারদের মধ্যে হতে পদোন্নতির মাধ্যমে দফাদার নিয়োগ করা হবে। উক্ত ইউনিয়নের কর্মরত মহল্লাদারদের নিকট হতে লিখিত আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমং	পদের নাম	পদের সংখ্যা	মন্তব্য
১	দফাদার	০১ জন	মহল্লাদার পদে অনূন ৭ (সাত) বৎসরের চাকুরি।

আবেদনপত্র প্রেরণ ও নিয়োগের শর্তাবলী :

- ০১। প্রার্থীকে অবশ্যই উক্ত ইউনিয়নের মহল্লাদার পদে কর্মরত থাকতে হবে।
- ০২। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর বরাবর আবেদন করতে হবে। আবেদনে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী/অস্থায়ী ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয় পত্র (ভোটার আইডি কার্ড) এর ফটোকপি, ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, কর্মরত পদে নিয়োগের ও যোগদানের তারিখ এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদপত্র ও চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে।
- ০৩। মহল্লাদারদের কর্মতৎপরতা সততা, দক্ষতা, জ্যেষ্ঠতা ও চাকুরি বৃত্তান্ত সন্তোষজনক মর্মে ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ০৪। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৫। আবেদনপত্র আগামী ২০.১১.২০২২খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি পৌছাতে হবে।
- ০৬। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৭। নিয়োগের ক্ষেত্রে সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ০৮। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোনরূপ টি,এ/ডিএ প্রদান করা হবে না।
- ০৯। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
( অনিমেস বিশ্বাস )  
উপজেলা নির্বাহী অফিসার  
মুজিবনগর, মেহেরপুর।  
তারিখ : ৩০/১০/২০২২ খ্রি।

স্মারক নং-০৫.৪৪.৫৭৬০.০০০.০৩.০৬৪.১৯- ২২২০(৩০)


অনুলিপি(সদয় জ্ঞাতার্থে):

- ১। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ২। অফিসার ইনচার্জ, মুজিবনগর থানা, মুজিবনগর, মেহেরপুর।
- ৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর।
- ৪। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, মুজিবনগর, মেহেরপুর।

অনুলিপি(কার্যার্থে):

- ১। চেয়ারম্যান, বাগোয়ান ইউনিয়ন পরিষদ; মুজিবনগর, মেহেরপুর(তাকে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধ করা হলো)।
- ২। সহকারী প্রোগ্রামার, মুজিবনগর (তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধ করা হলো)

৩।

  
( অনিমেস বিশ্বাস )  
উপজেলা নির্বাহী অফিসার  
মুজিবনগর, মেহেরপুর।  
তারিখ : ৩০/১০/২০২২